

মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসে প্রদর্শিত কিছু প্রযুক্তিপণ্য

মেহেদী হাসান



বার্সেলোনা আমাদের কাছে, বিশেষ করে তরুণদের কাছে খুব পরিচিত নাম। শীর্ষ ফুটবল ক্লাব এফসি বার্সেলোনার জন্যই এই পরিচিতি। তবে প্রযুক্তির খবর যারা রাখেন, স্পেনের এই শহরটি তাদের কাছে আলাদা গুরুত্ব বহন করে। প্রতিবছর এখানে বসে মোবাইল ডিভাইসের সবচেয়ে বড় মেলা : মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেস। বিশ্বের সব নামিদামি প্রতিষ্ঠান তাদের নতুন পণ্যের পসরা নিয়ে বসে এই আয়োজনটিতে। এবারেও বসেছিল। এবারের মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসে প্রকাশ করা উল্লেখযোগ্য কিছু প্রযুক্তিপণ্য নিয়ে এই আয়োজন।

স্যামসাং গ্যালাক্সি এস সিক্স ও এস সিক্স এজ

এবারের মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসে সবার আকর্ষণের কেন্দ্রে ছিল স্যামসাংয়ের নতুন ফ্ল্যাগশিপ স্মার্টফোন স্যামসাং গ্যালাক্সি এস সিক্স ও বাঁকানো পর্দার স্যামসাং গ্যালাক্সি এস সিক্স এজ। একটি স্মার্টফোনে ব্যবহারকারী যা যা চাইতে পারেন তার সব সুবিধায় ঠাসা ফোনটি। তবে ব্যাটারি আর আগের মতো যখন-তখন টান দিয়ে খুলে ফেলা যাবে না। আবার অতিরিক্ত মেমরি কার্ড যোগ করার সুযোগও থাকছে না। তারপরও চমৎকার নকশার খাতব উপাদান এবং কাঁচের তৈরি ফোনটি সবার নজর কেড়েছে। বিশেষ করে ফিঙ্গার প্রিন্ট সেন্সর, উন্নতমানের ক্যামেরা, হাই রেজুলেশনের সুপার অ্যামোলেড ডিসপ্লে, মোবাইল পেমেট, তারবিহীন চার্জের সুবিধা স্মার্টফোনটিকে করেছে অনন্য।



এইচটিসি ওয়ান এম নাইন

ফ্ল্যাগশিপ যেকোনো নতুন পণ্য কোনো না কোনো দিক থেকে তার পূর্বসূরিদের সাথে মিল রেখে তৈরি করা হয়। এতে ওই পণ্যগুলোকে সহজেই বৈশিষ্ট্য অনুযায়ী আলাদা করে চেনা যায়। নতুন মডেলের পোরশে ও একই সিরিজের ১০ বছর আগের পোরশের মাঝে আপনি মিল পাবেন। তবে প্রায় প্রতিবছর আরও আধুনিক করে বাজারে ছাড়ছে প্রতিষ্ঠানটি। এবারের মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসে এইচটিসি ওয়ানের 'এম নাইন' সংস্করণটি ছেড়েছে এই তাইওয়ানভিত্তিক প্রতিষ্ঠানটি। আগের চার মেগাপিক্সেল ক্যামেরা এখন সামনে। আর পেছনে যোগ করা হয়েছে ২০ মেগাপিক্সেল ক্যামেরা। অডিওর মান যেমন উন্নত করা হয়েছে, তেমনি উন্নত করা হয়েছে ইউজার ইন্টারফেস।



হুয়াওয়ে অ্যান্ড্রয়ড ওয়্যার

স্মার্টফোনের পাশাপাশি স্মার্টওয়াচ ছিল মানুষের আগ্রহের কেন্দ্রে। বর্তমান সময়টা স্মার্টওয়াচের জন্য বেশ উপযুক্তই বলতে হয়। এবারের মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসে চীনা প্রযুক্তিপণ্য নির্মাতা হুয়াওয়ে বাজারে ছেড়েছে অ্যান্ড্রয়ড ওয়্যার নামের স্মার্টওয়াচ। অন্যান্য স্মার্টওয়াচের কাজই করে এটি। তবে কীভাবে এটি অনন্য? বর্তমানে বাজারে পাওয়া স্মার্টওয়াচগুলোর মাঝে এর নকশা বেশ সুন্দর। গোল ডায়ালের ঘড়িটি দেখে বোঝার উপায় নেই এটি স্মার্টওয়াচ। বেশ কয়েকটি ডিজাইন থেকে বেঁছে নিতে পারেন আপনারা। তবে চাইলেও এখনই হাতে পাচ্ছেন না এটি। বাজারে ছাড়তে আরও কিছুটা সময় নেবে প্রতিষ্ঠানটি। কাছাকাছি নকশার এলজি ওয়াচ আরবেন এসেছে এবারের মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসে।



লেনোভো ভাইভ শট



স্মার্টফোনে এক সময় বড় পর্দা মুখ্য ছিল, এক সাথে অনেক কাজ করা যেত। এখন নানা কাজের জন্য বিশেষায়িত স্মার্টফোন তাদের দরকার। আর যদি সে প্রয়োজনটা হয় ছবি তোলায়, তবে লেনোভো ভাইভ শট পছন্দের তালিকায় রাখতে পারেন। ক্যামেরা স্মার্টফোনটির জন্য এতটাই গুরুত্বপূর্ণ যে, পেছনের অংশ ক্যামেরার মতো করে নকশা করা হয়েছে। বাজেটের মাঝে থাকা ফোনটির স্পেসিফিকেশন খুব একটা চমকপ্রদ নয়। তবে ট্রাই-কালার ফ্ল্যাশ, দ্রুত অটো-ফোকাস করার ক্ষমতা এবং



এইচটিসির ভার্সুয়াল রিয়েলিটির জগতে প্রবেশ

সম্প্রতি এইচটিসির ঘোষণা অনুযায়ী ভার্চুয়াল সাথে যৌথভাবে উন্নতমানের ভার্সুয়াল রিয়েলিটি হেডসেট সরবরাহ করবে এইচটিসি। এইচটিসি ভাইভ এর প্রথম ফসল। এই বিশালাকৃতির হেডসেটটি দেখতে অদ্ভুত হলেও বেশ কাজের। একই সাথে এটি শুধু স্মার্টফোনের জন্য নয়। আপনি চাইলে শিখতে পারবেন, চলচ্চিত্র দেখতে পারবেন, এমনকি কোনো অঞ্চল ঘুরেও দেখতে পারবেন এর মাধ্যমে। আর গেমিং তো আছেই।

অপটিক্যাল ইমেজ স্ট্যাবিলাইজেশনসহ ১৬ মেগাপিক্সেলের পেছনের ক্যামেরাটি চমৎকার বলতেই হয়। স্মার্টফোনটির বোতামগুলোও নকশা করা হয়েছে ক্যামেরার কথা মাথায় রেখেই।

অ্যালক্যাটেল ওয়ান টাচ আইডল থ্রি



এবার আইফোনের অনুকরণে দুটি আইডল থ্রি স্মার্টফোন বাজারে ছেড়েছে অ্যালক্যাটেল। একই নকশার দুটি ফোনের একটি ৪.৭ ইঞ্চি পর্দার, অপরটি ৫.৫ ইঞ্চি পর্দার। স্মার্টফোনগুলোর দুই পাশেই মাইক্রোফোন আছে, যা আপনি কল করা থেকে শুরু করে যেকোনো কাজে লাগাতে পারবেন। অর্থাৎ উল্টো করে ধরেও কথা বলতে পারবেন। এই জুনে বাজারে আসবে ফোন দুটি। স্পেসিফিকেশন চমকপ্রদ না হলেও স্বল্প বাজেটের মাঝে এরচেয়ে ভালো আর কি পাওয়া যেতে পারে! তবে অডিওর মান নিয়ে কোনো সংশয় নেই।

মাইক্রোসফটের নানা আয়োজন

মাইক্রোসফটের ভাঁজ করে রাখা যায় এমন ছোট কীবোর্ড অনেকেরই পছন্দ হয়েছে। তারবিহীন ব্রুটথের মাধ্যমে স্মার্টফোন, ট্যাব এমনকি নোটবুকেও ব্যবহার করা যাবে। এছাড়া স্মার্টফোনের নতুন অপারেটিং সিস্টেম উইন্ডোজ ১০ মোবাইল দেখা গেছে মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসে। নতুন অপারেটিং সিস্টেমের নকশা ও ফিচার আগের চেয়ে উন্নত করা হয়েছে। বেটা সংস্করণ ছেড়ে পূর্ণ সংস্করণ বাজারে আসার আগে বলা মুশকিল কবে নাগাদ এই স্মার্টফোনগুলো হাতে পাওয়া যাবে

